যুগান্তর

তারিখ ...06.OCT.. 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

চৌগাছায় স্কুলছাত্রীকে গণধর্ষণ

# দায় স্বীকার ছাত্রদল ছাত্রলীগ নেতার

**যশোর ব্যুরো**

চৌগাছা উপজেলায় স্কুলছাত্রীকে তুলে নিয়ে গণধর্ষণের দায় স্বীকার করে সোমবার আদালতে জবানবন্দি দিয়েছে ছাত্রদল ও ছাত্রলীগের দুই নেতা। একই দিন ধর্ষণের শিকার স্কুলছাত্রীর ডাক্তারি পরীক্ষাও সম্পন্ন হয়েছে। এতে প্রাথমিকভাবে ধর্ষণের আলামত মিলেছে বলে জানিয়েছেন চিকিৎসকরা। এর আগে সকালে মামলার প্রধান তিন আসামিকে আহতাবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। এদিকে ধর্ষকদের বিচার দাবিতে চৌগাছা উপজেলার বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা শহরে মানববন্ধন করেছে। তবে জেলা ছাত্রলীগ ও ছাত্রদল ধর্ষণের ঘটনায় জড়িতরা তাদের নেতা বা কর্মী নয় বলে দাবি করেছে।

যশোরের সহকারী পুলিশ সুপার (সদর) মীর মো. শাফিন মাহমুদ জানান, ধর্ষণের ঘটনায় আটক তিনজনের মধ্যে পৌর কাউন্সিলর আওয়ামী লীগ নেতা আবদুল মজিদের ছেলে পৌর ছাত্রলীগ নেতা পারভেজ সানি ও ছাত্রলীগ কর্মী শিমুল আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। আটক অপর আসামি হল— চৌগাছা পৌর ছাত্রদলের সাত নম্বর ওয়ার্ড শাখার সভাপতি মাহবুব হাসান উজ্জ্বল। সোমবার বিকালে চৌগাছা আমলি আদালতে তাদের হাজির করা হলে বিচারক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট প্রণব কুমার হুই এ জবানবন্দি নেন। চৌগাছা থানার সেকেন্ড অফিসার এসআই শরীফ হোসেন জানান, রোববার রাতেই ছাত্রীর বাবা বাদী হয়ে মামলাটি করেন।